বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
**অডিট ভবন**
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
**www.cag.org.bd**

নং- সিএজি/পরীক্ষা-৩/বিবিধ/খন্ড-৯/৭৪ তারিখঃ-১৮.০৭.২০১৮ খ্রিঃ।

.........................................
.........................................
.........................................
.........................................

বিষয়ঃ এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষা-২০১৮।

০১. এসএএস পরীক্ষার প্রার্থী বাছাইকালে সিএন্ডএজি এর এমএসও এর ১৫২ ও ১৫৫ অনুচ্ছেদ,২৮.০২.১৯৭৯ খ্রিঃ তারিখের স্মারক নং-সিএজি/পরীক্ষা-১৫/ভল্যুম-২/৯৭০,১৩.১১.১৯৮৪ খ্রিঃ তারিখের স্মারক নং-সিএজি/পরীক্ষা-১৪/১৭৯৩ ও ১০.১১.১৯৮৮খ্রিঃ তারিখের সার্কুলার নং-সিএজি/পরীক্ষা-১৪/২২৯০ এ বর্ণিত বিধানাবলী এবং এসআরএএস পরীক্ষার প্রার্থী বাছাইকালে রেলওয়ে একাউন্টস্ কোড ভলুম-১ এর এপেনডিক্স-৩ এর আইটেম ৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০২. উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থীগণের নামের তালিকা নির্ধারিত ছকে (এম.এস.ও ফরম-৪ সংশোধিত নমুনা সংযুক্ত) ফুলস্কেপ সাইজ কাগজে ডাবল স্পেস রেখে প্রনয়ন করতঃ তাতে এমএসও ফরম নং-৪ এর সনদগুলো যথাযথভাবে প্রদান করে এর তিন কপি, কোন পরীক্ষার্থী না থাকলে শূন্য প্রতিবেদন আগামী ১৬.০৮.২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সিএজি কার্যালয়ে বিশেষ বাহক/রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করতে হবে। উল্লেখ্য পরীক্ষা শুধুমাত্র ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উল্লিখিত তারিখের পর কোন তালিকা বা সম্পূরক তালিকা গ্রহণ করা হবে না এবং এতদসংক্রান্ত পৃথক কোন আবেদনপত্রও সুপারিশ করে সিএজি কার্যালয়ে প্রেরণ করা যাবে না। **তালিকা প্রেরণের সময় পুরাতন পরীক্ষার্থী ও নতুন পরীক্ষার্থীগণের তালিকা পৃথকভাবে প্রনয়ন করে প্রেরণ করতে হবে।**

০৩. পরীক্ষার্থীগণের তালিকা প্রস্তুত কালে নির্ধারিত ছকের (এম.এস.ও. ফরম-৪) ৮ নম্বর কলাম পূরণের ক্ষেত্রে অব্যাহতি প্রাপ্ত বিষয়ের নাম (প্রতি বিষয়ের জন্য আলাদা ক্রমিক নং প্রদান করে) রোল নম্বর ও বৎসর অবশ্যই নির্ভুলভাবে এবং অত্যন্ত সতর্কতার সাথে উল্লেখ করতে হবে।

০৪. এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষা ফি বাবদ প্রার্থী প্রতি-৫০০/-(পাচঁশত) টাকা হারে ১/১০০১/০০০১/২০৩১-পরীক্ষার ফি খাতে সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের মূলকপি এবং প্রত্যেক পরীক্ষার্থীর এক কপি নমুনা স্বাক্ষর অফিস প্রধান কর্তৃক প্রত্যয়ন পূর্বক পরীক্ষার্থীগণের তালিকার সাথে পাঠাতে হবে।

০৫. রেজিস্ট্রেশন কার্ডের একটি নমুনা ফরম এতদসঙ্গে প্রেরণ করা হল। প্রত্যেক নতুন পরীক্ষার্থীর পাসপোর্ট সাইজের সদ্য তোলা এক কপি সত্যায়িত ছবি রেজিস্ট্রেশন কার্ডের নির্ধারিত স্থানে আঠা দিয়ে এবং এক কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি পৃথকভাবে স্ট্যাপলার দিয়ে সংযুক্তকরতঃ রেজিস্ট্রেশন কার্ডের নমুনা ফরমে বর্ণিত তথ্যাদি পূরণ করে পরীক্ষার্থীর স্বাক্ষর এবং অফিস প্রধানের স্বাক্ষরসহ পরীক্ষার্থী তালিকার সাথে প্রেরণ করতে হবে। পূর্ব হতে রেজিষ্ট্রেশন নম্বর প্রাপ্ত পরীক্ষার্থীগণের পুনরায় রেজিষ্ট্রেশন কার্ড পূরণ করার প্রয়োজন নেই। তবে তাদেরকে পূর্ব প্রাপ্ত রেজিষ্ট্রেশন কার্ডেও ফটোকপি অবশ্যই পরীক্ষার্থী তালিকার সাথে প্রেরণ করতে হবে। অধিকন্তু পরীক্ষার হলে নতুন-পুরাতন সকল পরীক্ষার্থীকেই রেজিষ্ট্রেশন কার্ড (ছবিসহ) দেখাতে হবে। রেজিষ্ট্রেশন কার্ডে যথা নিয়মে ছবি সংযুক্ত করা না হলে কোন পরীক্ষার্থীকে প্রবেশপত্র সরবরাহ করা হবে না।

০৬. পরীক্ষার্থীগণের প্রবেশপত্রের একটি নমুনা এতদসঙ্গে প্রেরণ করা হল। এ কার্যালয় হতে প্রেরিত প্রবেশপত্রের নমুনার সকল বিষয়বস্তু ও নির্দেশাবলীর সাথে হুবুহু মিল রেখে প্রবেশপত্র ফরম তৈরি করতে হবে। প্রত্যেক পরীক্ষার্থীর জন্য একটি করে ফরমে পরীক্ষার্থীর নাম ও অফিসের নাম যথাস্থানে পূরণ করতঃ নমুনা স্বাক্ষরের স্থানে স্বাক্ষর নিয়ে তা সত্যায়িত করে এ অফিসে প্রেরণ করতে হবে।

০৭. হল প্রাপ্তি সাপেক্ষে এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষার সুনির্দিষ্ট তারিখসহ প্রোগ্রাম যথাসময়ে জানানো হবে।

০৮. পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক প্রার্থীর জন্য তার আবেদনে উল্লিখিত প্রত্যেক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক। অনুপস্থিত পরীক্ষার্থীগণের ক্ষেত্রে অনুপস্থিতির সঠিক কারণ (প্রমানাদিসহ) পরীক্ষা সমাপ্তির ৭ দিনের মধ্যে পরীক্ষার্থী কর্তৃক নিজ কার্যালয়ে এবং পরীক্ষা সমাপ্তির ১ মাসের মধ্যে মন্তব্যসহ সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক তা সিএজি কার্যালয়ে প্রেরণ করতে হবে। অনুপস্থিতির কারণ সিএজি কার্যালয়ের নিকট গ্রহণযোগ্য বিবেচিত না হলে অনুপস্থিত পরীক্ষার্থীগণকে পরবর্তী ২টি পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ হতে বিরত রাখা হবে।

০৯. জুলাই/২০১৪ এবং মে/২০১৭ মাসে অনুষ্ঠিত এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষায় অনুপস্থিত যে সকল পরীক্ষার্থীকে পরবর্তী ২টি/১টি পরীক্ষায় অংশগ্রহণ করা হতে বিরত রাখার নির্দেশ দেয়া হয়েছে, শাস্তি মওকুফ করা না হলে তাদের কারও নাম পরীক্ষার্থী তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না।

১০. পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছুক প্রার্থীদের অবগতির নিমিত্তে এ সার্কুলার যথাযথভাবে প্রচার করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হল।

১১. প্রত্যক অফিসের পরীক্ষায় অংশ গ্রহনেচ্ছুক পরীক্ষার্থীর একটি তালিকায় **sutonny MJ font( সুতনি এমজে ফন্ট)** এ **CD** করে প্রেরণ করতে হবে।

১৮.০৭.১৮

(মোহাম্মদ আবুল হাফেজ)
সহকারী মহা হিসাব নিরীক্ষ ও নিয়ন্ত্রক
(পরীক্ষা ও পরিদর্শন)
ফোনঃ ৯৩৪৬৬০৯।

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
**অডিট ভবন**
৭৭/৭, কাকরাইল, ঢাকা।

এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষা

| পাসপোর্ট সাইজের ১ কপি সত্যায়িত ছবি (আঠা দিয়া সংযুক্ত করুন) |
|---|

## রেজিস্ট্রেশন কার্ড

পরীক্ষার্থীর নাম ঃ ..........................................................................................

পদবী ঃ ..........................................................................................

পিতার নাম ঃ ..........................................................................................

মাতার নাম ঃ ..........................................................................................

জন্ম তারিখ ঃ ..........................................................................................

সরকারী চাকুরীতে প্রথম যোগদানকৃত অফিসের নাম, পদবী ও তারিখ ঃ ....................................

..........................................................................................................

বর্তমানে কর্মরত অফিসের নাম ঃ..........................................................................

রেজিস্ট্রেশন নম্বরঃ (সিএজি কার্যালয় কর্তৃক পূরণীয়)

| ১ | | | | | |
|---|---|---|---|---|---|

সনঃ ২০১৮ খ্রিঃ

পরীক্ষার বিষয়সমূহঃ

(১) সার-সংক্ষেপ, খসড়া, ইংরেজী কম্পোজিশন এবং বেসিক আইটি স্কিলস।

(২) চাকুরী বিধিমালা (তাত্ত্বিক ও ব্যবহারিক)।

(৩) নিরীক্ষা ও হিসাব বিধি ও পদ্ধতি (বেসামরিক, প্রতিরক্ষা, রেলওয়ে এবং পিটিএন্ডটি) তাত্ত্বিক ও ব্যবহারিক।

(৪) পারফমেন্স অডিট, ম্যানেজমেন্ট অডিট এবং কম্প্রিহেনসিভ অডিট।

| পরীক্ষার্থীর স্বাক্ষর | অফিস প্রধান<br>(স্বাক্ষর ও সীল) | এসিএজি (পরীক্ষা ও পরিদর্শন)<br>সিএজি কার্যালয় |
|---|---|---|

বিঃ দ্রঃ (১) এ রেজিস্ট্রেশন কার্ড পরীক্ষা চলাকালীন প্রতিদিন পরীক্ষার হলে সঙ্গে আনতে হবে।

(২) এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ন না হওয়া পর্যন্ত এ রেজিস্ট্রেশন কার্ড সংরক্ষণ করতে হবে।

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
অডিট ভবন
৭৭/৭, কাকরাইল, ঢাকা।

## প্রবেশপত্র

এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষা/২০১৮।

রেজিস্ট্রেশন নম্বর ঃ | ১ | | | | | | সনঃ ২০১৮ খ্রিঃ

পরীক্ষার্থীর নাম ঃ ....................................................................................................
অফিসের নাম ঃ ....................................................................................................
রোল নম্বর ঃ ....................................................................................................
পরীক্ষার কেন্দ্র ঃ ....................................................................................................
পরীক্ষার্থীর নমুনা স্বাক্ষর ঃ ....................................................................................................

সত্যায়িত
বিভাগীয় প্রধান অথবা তাঁর মনোনীত কর্মকর্তার স্বাক্ষর ও সীল

পরীক্ষার বিষয়সমূহ ঃ

(১)
(২)
(৩)
(৪) ঐচ্ছিক বিষয় ঃ

### কতিপয় জরুরী নির্দেশ ও অবশ্য পালনীয় নির্দেশনা

০১. পরীক্ষা কেন্দ্রে প্রবেশকালে পরীক্ষার্থীকে প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ড দেখিয়ে প্রবেশ করতে হবে। অন্যথায় তাঁকে হলে প্রবেশ করতে দেয়া হবে না।

০২. পরীক্ষার হলে পরীক্ষার্থী তাঁর নির্ধারিত আসন ব্যতীরেকে অন্য কোন আসনে বসলে কিংবা আসন পরিবর্তন করলে হল হতে বহিষ্কারসহ তাঁর বিরুদ্ধে শৃঙ্খলা ও আপীল বিধিমালা ১৯৮৫ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩. পরীক্ষার হলে যে বিষয়ের পরীক্ষায় পুস্তকের সাহায্য নেওয়ার অনুমতি রয়েছে, শুধুমাত্র সে বিষয়ের অনুমতিপ্রাপ্ত পুস্তক ছাড়া অন্য কোন পুস্তক পরীক্ষার হলে সঙ্গে রাখা যাবে না।

০৪. পরীক্ষার্থীর নিকট কোন নকল বা অবাঞ্চিত কাগজপত্র পাওয়া গেলে তাঁকে হল হতে বহিষ্কারসহ তাঁর বিরুদ্ধে শৃঙ্খলা ও আপীল বিধিমালাঃ-১৯৮৫ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫. পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে হলে প্রবেশের অনুমতি দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার পর ১ (এক) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থীর খাতা জমা নেওয়া হবে না এবং কোন পরীক্ষার্থীকে ঐ সময়ের মধ্যে হল ত্যাগ করতে দেয়া হবে না। ২ (দুই) ঘন্টার পূর্বে কেহ হল ত্যাগ করলে তাঁকে প্রশ্নপত্র নিয়ে যেতে দেয়া হবে না।

০৬. পরীক্ষার হলে কোন পরীক্ষার্থী দুর্ব্যবহার বা অসদাচরণ অথবা অসদুপায় অবলম্বন করলে তাৎক্ষণিকভাবে হল হতে বহিষ্কারসহ তাঁর বিরুদ্ধে শৃঙ্খলা ও আপীল বিধিমালা ১৯৮৫ অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে। এরূপ ক্ষেত্রে পরীক্ষা কেন্দ্রের প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

০৭. পরীক্ষার্থীর জন্য তাঁর আবেদনে উল্লেখিত প্রত্যেক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক। পরীক্ষায় অনুপস্থিত থাকলে অনুপস্থিতির সঠিক কারণ (প্রমাণাদিসহ) পরীক্ষা সমাপ্তির ৭ দিনের মধ্যে পরীক্ষার্থী কর্তৃক নিজ অফিসকে অবহিত করতে হবে এবং সংশ্লিষ্ট অফিস কর্তৃক তা পরীক্ষা সমাপ্তির ১ (এক) মাসের মধ্যে সিএজি কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৮. টেকনিক্যাল শব্দ ব্যতীরেকে একই প্রশ্নের উত্তরে বাংলা ও ইংরেজি ভাষার সংমিশ্রন করা যাবে না।

০৯. পরীক্ষার হলে কোন পরীক্ষার্থী মোবাইল ফোন সঙ্গে রাখতে পারবেন না। কারও নিকট মোবাইল ফোন পাওয়া গেলে, হল হতে বহিষ্কারসহ তাঁর বিরুদ্ধে শৃঙ্খলা ও আপীল বিধিমালা ১৯৮৫ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

**(মোহাম্মদ আবুল হাফেজ)**
সহকারী মহা হিসাব নিরীক্ষ ও নিয়ন্ত্রক
(পরীক্ষা ও পরিদর্শন)
ফোনঃ ৯৩৪৬৬০৯।

অফিসের নাম ঃ ..............................................................................................

এম.এস.ও ফরম নং-৪ (সংশোধিত)

| ক্রমিক নং | পরীক্ষার্থীর নাম | জন্ম তারিখ | পদবী | সিএজি অফিস কর্তৃক বরাদ্দকৃত রোল নম্বর | বিভাগীয় হিসাব রক্ষক/ অডিটর/ জুনিয়র অডিটর/স্টেনো গ্রাফার/ স্টেনো টাইপিস্ট/ টাইপিস্ট/ ক্যাশিয়ার হিসাবে অডিট বিভাগে যোগদানের তারিখ | বরাদ্দকৃত রেজিস্ট্রেশন নম্বর ও সন | এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষার কোন বিষয়ে অব্যাহতি পেয়ে থাকলে উক্ত বিষয়ের নাম, অব্যাহতি প্রাপ্তির বৎসর ও রোল নম্বর (একাধিক বিষয় হলে পৃথক পৃথক ভাবে উল্লেখ করতে হবে।) | পরীক্ষার গ্রুপ | পরীক্ষার্থী যে সমস্ত বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করবেন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |

প্রত্যয়ন করা যাচ্ছে যে,

১. প্রত্যেক প্রার্থীর এম.এস.ও. এর ১৬১ ধারা অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতা সম্পর্কে আমি ব্যক্তিগত ভাবে সন্তুষ্ট।

২. প্রত্যেক প্রার্থী এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রয়োজনীয় চাকুরীকাল সম্পন্ন করেছেন।

৩. কলাম ৮ এর তথ্য সম্পূর্ণ নির্ভুল।

৪. জুলাই/২০১৪ এবং মে/২০১৭ মাসে অনুষ্ঠিত এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষায় অনুপস্থিত কোন পরীক্ষার্থীর নাম এই তালিকায় অন্তর্ভূক্ত করা হয় নি।

৫. তালিকায় অন্তর্ভূক্ত প্রত্যেক পরীক্ষার্থী তার আবেদনকৃত সকল বিষয়ের পরীক্ষায় অংশ গ্রহণ করবেন।

৬. পূর্ব হতে রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্ত পরীক্ষার্থীগণের তালিকা এবং নূতন পরীক্ষার্থীগণের তালিকা পৃথক পৃথক ভাবে প্রণয়ন করে প্রেরণ করা হয়েছে।

অফিস প্রধানের স্বাক্ষর